



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 2nd Semester Examination, 2020

DSC2-BENGALI

Full Marks: 60

ASSIGNMENT

The figures in the margin indicate full marks.

- নিম্নলিখিত যে-কোনো চারটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো ১৫×৪ = ৬০
- ১। উদাহরণসহ বিস্তারিত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫
- (ক) বাংলা রুদ্রদল ও ছন্দভেদে তার মাত্রাগণনা পদ্ধতি
(খ) বাংলা ছন্দে চরণ ও স্তবক
(গ) বাংলা ছন্দে পর্ব ও পর্বাক্ষের গুরুত্ব।
- ২। উপযুক্ত উদাহরণের সাহায্যে কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে এর রূপভেদের বিস্তারিত পরিচয় দাও। ১৫
- ৩। ছন্দলিপি প্রস্তুত করোঃ ৫×৩ = ১৫
- (ক) শুধু বিঘে-দুই, ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে।
বাবু বলিলেন, ‘বুঝেছ উপেন ? এ জমি লইব কিনে।’
কহিলাম আমি, ‘তুমি ভূস্বামী’ ভূমির অস্ত নাই।
চেয়ে দেখো মোর আছে বড়-জোর মরিবার মতো ঠাই।’
- (খ) আকাশ ঘিরে মেঘ করেছে সূর্য্য গেছে পাটে।
খুকু গেলো জল আনতে পদ্মদিঘির ঘাটে।
পদ্মদিঘির কালো জলে হরেক রকম ফুল।
হাঁটুর নীচে দুলছে খুকুর গোছা ভরা চুল।
- (গ) বন-নিবাসিনী দাসী নমে রাজপদে
রাজেন্দ্র! যদিও তুমি ভুলিয়াছ তারে,
ভুলিতে তোমারে কভু পারে কি অভাগী ?
হায়, আশামদে মত্ত আমি পাগলিনী!
- ৪। উপমেয়, উপমান, সাধারণ ধর্ম ও সাদৃশ্যমূলক শব্দ কাকে বলে ? অর্থালংকারের ক্ষেত্রে এগুলির গুরুত্ব উপযুক্ত দৃষ্টান্তের সাহায্যে বুঝিয়ে দাও। ১৫

৫। রূপক অলংকার কাকে বলে ? উপযুক্ত দৃষ্টান্তের মাধ্যমে রূপক অলংকারের প্রকারভেদগুলি বুঝিয়ে
দাও। ১৫

৬। অলংকার নির্ণয় করোঃ ৩×৫ = ১৫

- (ক) হাহাকার করে বেহায়া হাওয়ার বেহালাখানি।
- (খ) গুরুর কাছে লব গুরু দুখ।
- (গ) পর্বত চাইল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ।
- (ঘ) মনে লাগিয়েছে আঁধি/শ্রাবণ কাঁদে না আমি কাঁদি।
- (ঙ) লাভণ্য তোমার সখি সুখার মতন।

—x—